[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মানোন্নয়নে অভিভাবক ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় চত্বরে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ মাকসুদুর রহমান রতনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ কুতুব উদ্দীনের সঞ্চালনায় এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা নাসির উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি সিনিয়র সাংবাদিক দ্বীন মোহাম্মদ, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষক অভিভাবক সদস্য ফারুক হোসেন, দামুড়হুদা মডেল থানার উপপরিদর্শক সালাউদ্দীন, তৌহিদুল ইসলাম, দামুড়হুদা ইউনিয়নের ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সুবহান মন্ডল, অভিভাবক সদস্য মোয়াজ্জেম হোসেন, আবু সাঈদ, যুবলীগ নেতা ইলিয়াস হোসেন, ইকরামুল হক, আঃখালেক, জুয়েল রানা, অভিভাবক হাসিবুল ইসলাম, আতিকুর রহমান, জহিরুল ইসলাম রিপন, শওকত আলীসহ অভিভাবকরা উপস্থিত ছিলেন। সমাবেশ শেষে অতিথি বৃন্দ বিদ্যালয় চত্বরে বৃক্ষের চারা রোপন করেন।

দর্শনায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ একজন আটক

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দর্শনা আশরাফুল ইসলাম ওরফে ডার্বিকে আটক করেছে।

গ্রেফতারকৃত আশরাফুল ইসলাম ডার্বি চুয়াডাঙ্গা সদর থানার দৌলৎদিয়াড়ের খোকন আলীর ছেলে।

পুলিশ জানায় আজ রোববার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা’র নির্দেশে অভিযান চালায় দর্শনা- জীবননগর পাকা রাস্তার উপর।

এ সময় দর্শনা থানার এসআই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে আশরাফুল ইসলাম ওরফে ডার্বি (২১) কে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশী করে ১ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার করে। এ ঘটনায় পুলিশ বাদি মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় মাদক মামলায় যাবজ্জীবন, ১০ বছর পর আসামি গ্রেপ্তার

মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত মাদক সম্রাট মোঃ অহিদুল ইসলাম (৪০) নামের পলাতক এক আসামিকে ১০ বছর পর গ্রেপ্তার করেছে পুলিশ। আজ রবিবার সকাল সাড়ে ৮টায় উপজেলার হাপানিয়া এলাকা থেকে তাকে আটক করা হয়েছে।

গ্রেপ্তারকৃত অহিদুল ইসলাম চিৎলা ইউনিয়নের হাপানিয়া এলাকার সিদ্দিক আলীর ছেলে। তাকে রবিবার দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, আলমডাঙ্গা থানায় একটি মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি মো. অহিদুল ইসলাম নিজের নাম-পরিচয় গোপন করে দীর্ঘ ১০ বছর দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে ছিলেন। পুলিশ তথ্য প্রযুক্তি ব্যবহার করে রবিবার সকালে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারের পর তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, ২০১১

সালের উপজেলার হাপানিয়া এলাকা থেকে বিভিন্ন মাদকদ্রব্য সহ পুলিশের নিকট গ্রেপ্তার হন অহিদুল। ছয় মাস পর জামিনে বের হয়ে তিনি আত্মগোপনে চলে যান। পরে এ মামলায় সাক্ষ্যগ্রহণ শেষে অহিদুল ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ড দেন। সম্প্রতি তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাকে গ্রেপ্তারে বিভিন্ন স্থানে অভিযানও পরিচালনা করা হয়।

আলমডাঙ্গায় লাইসেন্স না থাকায় দু’গো-খাদ্য বিক্রেতাকে জরিমানা

আলমডাঙ্গায় লাইসেন্স বিহীন গো-খাদ্য বিক্রয়ের অভিযোগে দুই দোকান মালিককে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার বিকেলে পৌরসভাধীন হাউসপুর এলাকায় উপজেলা নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এসময় দু’দোকান মালিককে ২২ হাজার টাকা জরিমানা করেন।

জানাগেছে, আলমডাঙ্গা পৌরসভা এলাকায় অসংখ্য গো-খাদ্য বিক্রেতা রয়েছে। বিভিন্ন সময় ব্যবসায়ীদের বিরুদ্ধে নকল ভূসিসহ বিভিন্ন খাবার বিক্রয়ের অভিযোগ তোলেন ক্রেতারা। তবুও প্রাণীসম্পদ বিভাগ নিরব ভূমিকা পালন করেন। ওই দপ্তরের জনবল সংকটের জন্য অনেক ব্যবসায়ীর নেই প্রাণীসম্পদ অধিদফতরের অনুমোদিত লাইসেন্স।

এমন অভিযোগের ভিত্তিতে উপজেলা প্রাণীসম্পদ বিভাগের কর্মকর্তা আব্দুল্লাহিল কাফির নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস। এসময় হাউসপুর এলাকার ভূসিমাল বিক্রেতা সোহানুর রহমান বাবলুকে ১০ হাজার টাকা ও মিজানুর রহমানকে ১২ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত।

দর্শনায় আন্তঃজেলা ট্রাক চোর চক্রের ৪ সদস্য গ্রেপ্তার; ট্রাক ও মালামাল উদ্ধার

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানা পুলিশ আন্তঃজেলা ট্রাক চোর চক্রের দর্শনা থেকে ৪ সদস্যকে গ্রেপ্তার করেছে। এ সময় একটি ট্রাক ও চুরি হওয়া অন্য ট্রাকের টায়ার, ব্যাটারি, রিংসহ অন্যান্য মালামাল উদ্ধার করা হয়েছে।

আজ রোববার সকালে ফরিদপুর ও চুয়াডাঙ্গা জেলার দর্শনা বাসষ্টান্ড থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলো-চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার মোবারকপাড়ার মৃত রিয়াজ উদ্দীনের ছেলে রেজওয়ান হোসেন (২২), একই থানার দর্শনা আজিমপুর আমতলা পাড়ার মৃত হারুন মিয়ার ছেলে আকাশ মিয়া (২৩),দর্শনা মোহাম্মদপুর পাড়ার শফি মিস্ত্রির ছেলে আলোচিত চোর রিয়াদ হোসেন (২৫) ও ফরিদপুর জেলার নগরকান্দা থানার যদুরদিয়া গ্রামের মৃত সুবল কর্মকারের ছেলে অপূর্ব কর্মকার অপু (২৬) কে গ্রেফতার করে কালিগন্জ থানা পুলিশ।

আজ রোববার দুপুরে এক প্রেস ব্রিফিংয়ে কালীগঞ্জ থানার অফিসার-ইন-চার্জ (ওসি) মাহবুবুর রহমান জানান, গত ২ সেপ্টেম্বর রাত ১ টার দিকে ঝিনাইদহের কালীগঞ্জ শহরের শেখ রাসেল মিনি স্টেডিয়ামের সামনে থেকে ঢাকা মেট্রো ট ১৮-৯৩৫০ নম্বরের ট্রাকটি চুরির করার সময় পুলিশের হাতে গ্রেপ্তার হয় রেজওয়ান হোসেন। পরে তার স্বীকারোক্তিমূলক জবানবন্দীতে পুলিশ অভিযান চালিয়ে ট্রাক চোর চক্রের অন্যান্য তিন সদস্য আকাশ মিয়া,রিয়াদ হোসেন ও অপূর্ব কর্মকার অপুকে গ্রেপ্তার করা হয়। এ সময় ট্রাকটি উদ্ধার করাসহ অন্য ট্রাক থেকে খুলে নেওয়া টায়ার, ব্যাটারি, রিংসহ অন্যান্য মালামাল উদ্ধার করে পুলিশ।

গ্রেপ্তারকৃত ট্রাক চোর চক্রের সদস্যদের বিরুদ্ধের কালীগঞ্জ থানায় মামলা হয়েছে। পুলিশ তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করেছে।

নাটুদাহে গ্রামভিত্তিক মৌলিক প্রশিক্ষণের সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠান

দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপি অফিসের আয়োজনে গ্রামভিত্তিক অস্ত্রবিহীন মৌলিক প্রশিক্ষণের সমাপনী ও সনদত্র প্রদান অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা রাফেজা খাতুনের সভাপতিত্বে আজ রোববার বেলা ১১ টার দিকে নাটুদহ ইউনিয়ন পরিষদ সভাকক্ষে এ সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গত মাসের ২০আগষ্ট থেকে শুরু হয়েছিল ১০ দিন ব্যাপি গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণটি।
প্রশিক্ষণে উপজেলার নাটুদহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা অংশ নেয। ১০ দিন প্রশিক্ষণ শেষে আজ সকাল ১১ ঘটিকায় নাটুদহ ইউনিয়ন পরিষদ হল রুমে সকল সদস্যদের উপস্থিতিতে সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠান শুরু হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নূরজাহান খাতুন, ইউপি সদস্য মনিরুল ইসলাম, কেরামত আলী, মহিলা মেম্বার রিজিয়া খাতুন, বেলী খাতুন, হিসাব সহকারি কাম কম্পিউটার অপারেটর সাব্বির আহাম্মেদ প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথিসহ অনান্য অতিথিরা ভিডিপি সদস্যদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য প্রদান করেন। পরিশেষে, প্রধান অতিথি মহোদয় সকল ভিডিপি সদস্যদের হাতে গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সনদপত্র প্রদান করেন।

চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা দুর্নীতি কমিটির সদস্যদের সাথে দুর্নীতি দমন কমিশনারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দুর্নীতি দমন কমিশনার (অনুসন্ধান) আছিয়া খাতুন। এ সময় তিনি বলেন, কেবল আইন করে দুর্নীতি বন্ধ করা যাবে না। দুর্নীতি বন্ধ করতে হলে সারা দেশের জনগণসহ তরুণ সমাজকে এগিয়ে আসতে হবে। তিনি আরো বলেন, দুর্নীতি প্রতিরোধে জনগণকে সচেতন করার কার্যক্রম চলছে। এরপরও যারা নিয়ম-কানুন না মেনে দুর্নীতি-অনিয়ম করেছে, অবৈধভাবে অর্থসম্পদের মালিক হচ্ছে তাদের জন্য বার্তা হচ্ছে, দুর্নীতি দমন কমিশন তৎপর রয়েছে। যেকোনো বিষয় দল মত নির্বিশেষে কমিশন খতিয়ে দেখে ব্যবস্থা নেবে।

এ সময় তিনি সরকারি দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, জনগণকে হাসিমুখে সেবা দিতে হবে। সেবা নিতে গিয়ে মানুষ যেন হয়রানির স্বীকার না হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়গুলোতে সততা স্টোর বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন তিনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দুর্নীতি দমন কমিশনের বিভাগীয় পরিচালক মনজুর মোর্শেদ, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুন,চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচিসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা রামনগর বাজারে ভোক্তা অধিকার সংরক্ষণের অভিযান

বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সার্বিক নির্দেশনায়,জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের রামনগর এলাকায় অভিযান পরিচালনা করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ সহকারী পরিচালক সজল আহমেদের নেতৃত্বে আজ রবিবার বেলা ১১টায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

অভিযানে মুদিদোকান, শিশুখাদ্য, বেকারি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় রামনগর বাজারে মেসার্স পল্লী স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকির সময় বিক্রয়ের উদ্দেশ্যে সেলফে সাজিয়ে রাখা প্রচুর মেয়াদ উত্তীর্ণ কীটনাশক পণ্য জব্দ করা হয়।

এছাড়া নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করাসহ অন্যান্য অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: শাহীন আলমকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪১ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অপর এক অভিযানে মেসার্স প্রিয় ফুড বেকারির মালিক মো: হাসানুজ্জামানকে ভাঙ্গা পঁচা-ফাটা ডিমে কেক বিস্কুট তৈরি, অস্বাস্থ্যকর পরিবেশ ও উৎপাদিত পণ্যের গায়ে মেয়াদ না থাকার অপরাধে ৩৭ ও ৪৩ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে দুইটি প্রতিষ্ঠানকে সর্বমোট নগদ ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয়। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সজল আহম্মেদ।

এসময় জেলা পুলিশ লাইনের একটি টিম সহযোগিতা ও সার্বিক নিরাপত্তায় ছিলেন।

ভ্রাম্যমাণ আদালত শেষে সজল আহমেদ বলেন,সাধারণ ভোক্তাদের সাথে প্রতারণা কখনোই মেনে নেওয়া হবেনা। জনস্বার্থে এই ধরনের অভিযান

পরিচালনা অব্যাহত থাকবে। উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয়। সচেতনতামূলক লিফলেট বিতরণ এবং সবাইকে সতর্ক করা হয়। এসময় আইন মেনে মুল্যে তালিকাসহ ব্যবসা পরিচালনার জন্য অনুরোধ করেন তিনি।

জীবননগরে শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

চুয়াডাঙ্গা জীবননগর উপজেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) শাপলাকলি আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ ।

প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম শুরু করেছে। “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প” এই অধিদপ্তরের একটি ফ্ল্যাগশিপ প্রকল্প। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪০০১টি ও ২য় পর্যায়ে ৫০০০টি সহ মোট ৯০০১টি ল্যাব স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ৩০০টি সংসদীয় আসনে ৩০০টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

শেখ রাসেল ডিজিটাল ল্যাৰ স্থাপন প্রকল্পের ২য় পর্যায়ে সমগ্র খুলনা বিভাগে জেভি অফ স্ট্যান্ডার্ড টেকনোলজি লিমিটেড কিফ ওয়াই এস নেটওয়ার্কিং এবং সলিউশন লিমিটেড লিনা টেকনোলজিস লিমিটেড শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত ১০০০টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪ জন

করে, মোট ৪০০০ জন শিক্ষকগনকে ১০ দিন ব্যাপী আইসিটি ইন এডুকেশন লিটারেসি ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত রয়েছেন।

চুয়াডাঙ্গা জেলাতে প্রতি ব্যাচে ২০ জন শিক্ষক ১০ দিন ব্যাপী, মোট ১১ টি ব্যাচে ২২০ জন শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে।

প্রকল্প বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত আছেন জীবননগর উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার মাহমুদুর রহমান। এ সময় আরো উপস্থিত ছিলেন জেভি অফ স্ট্যান্ডার্ড টেকনোলজি লিমিটেড চিফ অপারেশন অফিসার মোশাররফ হোসেন খান, জেলা কো-অর্ডিনেটর মাহমুদ হাসান সহ প্রশিক্ষণনার্থী।